

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৪.০২.০০৫.২০০৮-৭২

তারিখ: ১১ টেত্র ১৪২৪

২৫ মার্চ ২০১৮

বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট প্রণয়ন কাজে সম্পূর্ণ কর্মকর্তা/কর্মচারীদের
অনুকূলে মূলবেতনের সমপরিমাণ অর্থ সম্মানী।

সূত্র: নীল


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে বিগত ২০০৪-২০০৫ অর্থবছর থেকে শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় প্রণীত হচ্ছে। এ পদ্ধতিতে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়সমূহ বাজেট প্রণয়নে মূখ্য ভূমিকা পালন করে থাকে। ফলে পূর্বের তুলনায় সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের বাজেট প্রণয়নের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীগণকে অনেক বেশী কাজ করতে হচ্ছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট প্রণয়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রায়শ: অফিস সময়ের পরও কাজ করতে হয়। জাতীয় বাজেট প্রণয়নের কাজ বিশেষায়িত প্রকৃতির এবং শ্রমসাধ্য বিধায় অর্থ বিভাগের বাজেট প্রণয়নের সাথে সম্পূর্ণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ দীর্ঘদিন থেকে প্রতি বছর এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সম্মানী হিসেবে পেয়ে আসছেন। সে বিবেচনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট কাজের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীগণও বাজেট সম্মানী পাওয়ার দাবিদার।

০২। গত অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বাজেট কাজের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের বাজেট সম্মানীর জন্য বরাদ্দ ধরে সম্মতির জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হলে অর্থ বিভাগ সম্মতি প্রদান করে। চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে উক্ত সম্মানী বাবদ অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন হবে না, রাজস্ব বাজেটের ৪৮৮৩ সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক খাতে বরাদ্দকৃত ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা থেকে মেটানো যেতে পারে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট প্রণয়নের সাথে সংশ্লিষ্ট ১২ জন কর্মকর্তা/কর্মচারীর নাম নিম্নোক্তভাবে প্রস্তাব করা হল :

ক্রমিক	কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী	কর্মরত শাখার নাম	মূল বেতনের সমপরিমাণ ২০১৬-১৭	মন্তব্য
১.	জনাব মো: আব্দুল্লাহ আল মামুন উপ-সচিব	বাজেট অধিশাখা	৬০,৮৪০/-	বাজেট অধিশাখায় দায়িত্ব প্রাপ্ত
২.	জনাব মোঃ ফজলুর রহমান সিনিয়র সহকারী সচিব	রাজস্ব বাজেট শাখা	৫৬,০৩০/-	রাজস্ব বাজেট শাখায় দায়িত্বপ্রাপ্ত
৩.	জনাব মোল্ল্যা মোঃ আনিছুজ্জামান সিনিয়র সহকারী প্রধান-২	পরিকল্পনা অনুবিভাগ	৫১,৩০০/-	উন্নয়ন বাজেট প্রণয়নের সাথে সম্পূর্ণ
৪.	জনাব মোহাম্মদ জোবায়ের প্রোগ্রামার	আইসিটি সেল	৩৭,০৩০/-	বাজেট প্রণয়নের সাথে সম্পূর্ণ (এম.বি.এফ.)
৫.	জনাব মোঃ শামসুল আলম হিসাবরক্ষণ কর্মকর্তা	হিসাব শাখা	২৫,৪৮০/-	বাজেট প্রণয়নের সাথে সম্পূর্ণ

৬.	জনাব মো: সেলিম শিকদার প্রশাসনিক কর্মকর্তা	রাজস্ব বাজেট শাখা	৩১,৯৮০/-	বাজেট প্রণয়নের সাথে সম্পৃক্ত ও বাজেট শাখায় কর্মরত
৭.	জনাব মোঃ আসলাম মিয়া সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	রাজস্ব বাজেট শাখা	১৩,১৩০/-	বাজেট প্রণয়নের সাথে সম্পৃক্ত ও বাজেট শাখায় কর্মরত
৮.	জনাব মিঠুন তালুকদার সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	উন্নয়ন বাজেট শাখা	১৩,৭৯০/-	উন্নয়ন বাজেট প্রণয়নের সাথে সম্পৃক্ত
৯.	জনাব মোহাম্মদ আবদুল হক মিয়া অফিস সহায়ক	রাজস্ব বাজেট শাখা	১২,০০০/-	বাজেট প্রণয়নের সাথে সম্পৃক্ত ও বাজেট শাখায় কর্মরত
১০.	জনাব মো: সাক্বির আহমেদ অফিস সহায়ক	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের দপ্তর	১৫২০০/-	বাজেট প্রণয়নের সাথে সম্পৃক্ত অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের দপ্তর
১১.	জনাব মো: মোস্তাকিম বিল্লাহ অফিস সহায়ক	বাজেট অধিশাখা	৮,২৫০/-	বাজেট প্রণয়নের সাথে সম্পৃক্ত (উপ-সচিব বাজেটের দপ্তর)

০২। বর্ণিত অবস্থায়, চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ৪৮৮৩ সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক খাতে বরাদ্দকৃত ৫,৫০,০০০/- টাকা হতে ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেট, ২০১৮-২০১৯ অর্থবছরের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (M.T.B.F.) আওতায় বাজেট পরিপত্র-১ এর আলোকে বাজেট প্রাক্কলন এবং বাজেট প্রক্ষেপণ প্রণয়নের সাথে সম্পৃক্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উপরিউক্ত ১২ (বার) জন কর্মকর্তা/কর্মচারীকে ০১ (এক) মাসের মূল বেতনের সমান অর্থ বাবদ সর্বমোট ৩,২৫,০৩০/- (তিন লক্ষ পঁচিশ হাজার ত্রিশ) টাকা সম্মানী/পারিশ্রমিক মঞ্জুরীর বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৫-৩-২০১৮

মো: আব্দুল্লাহ আল মামুন
উপ-সচিব

বিতরণ :


- ১) সচিব,
- ২) উপ- সচিব (প্রবিধি-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৪.০২.০০৫.২০০৮-৭২/১(২)

তারিখ: ১১ চৈত্র ১৪২৪
২৫ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৫-৩-২০১৮

মো: আব্দুল্লাহ আল মামুন
উপ-সচিব